

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
শৃঙ্খলা অধিশাখা
www.mohfw.gov.bd

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০২৩.২০১৯- ৬৪৭

তারিখঃ ২ অক্টোবর ১৪২৬
৩৭.১১.২০১৯

আদেশ

যেহেতু, ডাঃ নাসিমা নুসরাত জাবীন (১৩১২৯২), ইমারজেন্সী মেডিকেল অফিসার, ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, নোয়াখালী গত ০১.১২.২০১৭ হতে ০৫.০১.২০১৯ তারিখ পর্যন্ত মোট ০১ বছর ০১ মাস ০৪ দিন অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত ছিলেন বিধায় তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(গ) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'পলায়ন' এর দায়ে ২৫.০৩.২০১৯ তারিখে ৪৫.১৫০.০২৭.০১.০০.০২৩.২০১৯-২১৩ নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;


যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং ব্যক্তিগত শুনানির প্রার্থনা করেন;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা ডাঃ নাসিমা নুসরাত জাবীন (১৩১২৯২) ব্যক্তিগত শুনানিতে সন্তোষজনক জবাব প্রদানে ব্যর্থ হয়েছেন এবং তার বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হয়েছে এবং এ জন্য তিনি দন্ড পাওয়ার যোগ্য;

সেহেতু, ডাঃ নাসিমা নুসরাত জাবীন (১৩১২৯২), ইমারজেন্সী মেডিকেল অফিসার, ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, নোয়াখালী এর সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(গ) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'পলায়ন' এর অভিযোগ প্রমাণিত হওয়ায় অভিযোগের গুরুত্ব বিবেচনায় উক্ত বিধিমালার ৪(২)(খ) বিধি অনুযায়ী তার বার্ষিক বেতন বৃদ্ধি আগামী ০১(এক) বছরের জন্য স্থগিত করার লঘু দন্ড আরোপ করা হলো। তার অনুপস্থিতকালীন সময় ০১.১২.২০১৭ হতে ০৫.০১.২০১৯ তারিখ পর্যন্ত মোট ০১ বছর ০১ মাস ০৪ দিন বিনা বেতনে অসাধারণ ছুটি মঞ্জুর করা হলো। তিনি ভবিষ্যতে এ বিষয়ে বকেয়া সুবিধাদি দাবি করতে পারবেন না। তাকে এ বিভাগীয় মামলা হতে অব্যাহতি প্রদান করা হলো।

২। এই আদেশ অবিলম্বে কার্যকর হবে।


রাষ্ট্রপতির আদেশক্রমে


(মোঃ আসাদুল ইসলাম)
সচিব

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০২৩.২০১৯- ৬৪৭/২(৮)
অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলঃ

তারিখঃ ৩৭.১১.২০১৯

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২। পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (এমআইএস এর কম্পিউটার ও ডাটা সিতে সংরক্ষণ করার জন্য)।
- ৩। উপপরিচালক (শৃঙ্খলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৪। সিভিল সার্জন, নোয়াখালী।
- ৫। তত্ত্বাবধায়ক, ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, নোয়াখালী।
- ৬। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ৭। ডাঃ নাসিমা নুসরাত জাবীন (১৩১২৯২), ইমারজেন্সী মেডিকেল অফিসার, ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, নোয়াখালী। (স্থায়ী ঠিকানাঃ এপিএইচ-এ-২, এইচ/এন-১১৬২, আর/এন-৩০/এ, মাইজদী, নোয়াখালী)।
- ৮। অফিস কপি।


মোঃ আবদুছ সালাম
উপসচিব

ফোনঃ ৯৫৪৫০২৮

disc@hsd.gov.bd